ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ (আইএএমসিএল)

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)

- এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র


উপক্রমণিকা ........................................................................................................ ০৩
কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................ ০৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি ........................................ ০৫
সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ................................................ ০৬-০৮
**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms) ................................................................... ১০
**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................ ১১
**সংযোজনী ৩:** কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা ...... ১২

## উপক্রমণিকা (Preamble)

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল)

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of ICB Asset Management Company Ltd.)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

➢ **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

১. আলোচ্য সময়ে মোট নিট মুনাফার পরিমাণ ১৭০.২৬ কোটি টাকা এবং শেয়ার মালিকগণকে বিতরণকৃত লভ্যাংশের পরিমাণ ৬২.২১ কোটি টাকা;

২. একটি মেয়াদি ফান্ড ইস্যু কার্যক্রম সম্পন্ন, ০৮টি মেয়াদি ফান্ড বে-মেয়াদি ফান্ডে রূপান্তর এবং একটি মেয়াদি ফান্ডের মেয়াদ ১০ বছর বৃদ্ধি করা হয়েছে;

৩. কোম্পানির নিজস্ব পত্রকোষ সহ কোম্পনির ব্যাবস্থাপনাধীনে পরিচালিত বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ডের পত্রকোষে ৯০২১.৮৭ কোটি টাকার লেনদেন সংঘটিত হয়েছে;

৪. আলোচ্য সময়ে বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ড থেকে সর্বমোট ৭৩৫.০০ কোটি টাকা লভ্যাংশ হিসেবে প্রদান করা হয়েছে;

৫. এন্টি মানি লন্ডারিং সংক্রান্ত কার্যক্রম গ্রহণ, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ, সিটিজেন চার্টার প্রণয়ন ও প্রদর্শন;

৬. আইসিটি কার্যক্রম যুগোপযোগী করার লক্ষ্যে ডেস্কটপ ভিত্তিক সফটওয়্যারসমূহ-কে ওয়েব ভিত্তিক-এ রূপান্তর করা হচ্ছে।

➢ **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

ক) মিউচ্যুয়াল ফান্ড সম্বন্ধে বিনিয়োগকারীগণের পর্যাপ্ত জ্ঞানের অভাব;
খ) মিউচ্যুয়াল ফান্ডসমূহের পত্রকোষের সুষ্ঠু ব্যবস্থাপনার ক্ষেত্রে তালিকাভুক্ত মৌলভিত্তিসম্পন্ন সিকিউরিটিজের ঘাটতি;
গ) ফিক্সড ইনকাম সিকিউরিটিজ এর স্বল্পতা;
ঘ) মিউচ্যুয়াল ফান্ড-এর পর্যাপ্ত প্রচার প্রচারনার অভাব;
ঙ) বাজারে তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ডসমূহের উপর জনসাধারণের আস্থার সংকট;
চ) সমমানের প্রতিষ্ঠানসমূহের ক্রমবর্ধমান প্রতিযোগিতা;
ছ) বিভিন্ন নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে পুঁজিবাজারে ব্যাপক উত্থান-পতন;
জ) বৈদেশিক প্রশিক্ষণ প্রাপ্তির সীমাবদ্ধতা।

➢ **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

১. পুঁজিবাজারের টেকসই উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব প্রদান;
২. জাতীয় সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধির লক্ষ্যে মিউচ্যুয়াল ফান্ডের সার্টিফিকেট বিক্রয় বৃদ্ধি, পুঁজিবাজারে বিনিয়োগকারীর সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ এবং বিনিয়োগকারীগণকে আকৃষ্ট করার লক্ষ্যে বিনিয়োগকারীদের চাহিদা অনুযায়ী বৈচিত্র্যপূর্ণ ফান্ড বাজারজাতকরণ;
৩. এসোসিয়েশন অফ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিজ্ এন্ড মিউচ্যুয়াল ফান্ডস্-এর সাথে যৌথ উদ্যোগে বিনিয়োগকারীগণের সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা ও প্রচারের ব্যবস্থা গ্রহণ;
৪. আইসিবি এএমসিএল কর্তৃক পরিচালিত সকল বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড ধারকগণের নিকট ইউনিট সার্টিফিকেট সংক্রান্ত স্টেটমেন্ট (বিবরণী) ই-মেইলের মাধ্যমে বার্ষিক ও অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

ব্যবসা সম্প্রসারণের অংশ হিসেবে নিম্নোক্ত ব্যবসাসমূহ চালু করার পরিকল্পনা রয়েছে:

১. বিনিয়োগ সংক্রান্ত পরামর্শ প্রদান;
২. থার্ড পার্টি ফান্ড ম্যানেজমেন্ট সেবা প্রদান;
৩. অ্যাসেট ম্যানেজমেন্ট সংক্রান্ত অন্যান্য কার্যাবলী।

## ২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- পুঁজিবাজারে (নিজস্ব পত্রকোষে) ৫৯.০০ কোটি টাকা বিনিয়োগ;
- বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডসমূহের বিক্রয় বৃদ্ধি ও নতুন গ্রাহক সৃষ্টি;
- নতুন মিউচ্যুয়াল ফান্ড বাজারজাতকরণের ব্যবস্থা গ্রহণ;
- প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ;
- গ্রাহক সেবা সহজীকরণ এবং অভ্যন্তরীণ কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমন্বিত MIS ব্যবস্থা উন্নতকরণ।

<u>সেকশন-১</u>

## আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ (আইএএমসিএল)-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

বিনিয়োগের আকর্ষণীয় মাধ্যম হিসেবে মিউচ্যুয়াল ফান্ড শিল্পের উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিকে মিউচ্যুয়াল ফান্ড শিল্পের প্রধান ডাইনামিক/এবং কৌশলী মার্কেট লিডার হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে স্বচ্ছ নৈতিক এবং পেশাদারী মান বজায় ,রেখে ক্রেতাভিত্তিক উদ্ভাবনী পণ্য বাজারজাতকরণ ,বিনিয়োগকারীদের সর্বোচ্চ সেবা প্রদান এবং ব্যয় সংকোচন ও পোর্টফোলিও ব্যবস্থাপনার আধুনিক কৌশল প্রয়োগের মাধ্যমে টেকসই প্রবৃদ্ধি অর্জন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন;
- ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ;
- অভ্যন্তরীণ প্রযুক্তি ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Function):

✓ মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
✓ নিজস্ব পোর্টফোলিও ব্যবস্থাপনা; এবং
✓ বিনিয়োগকারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

## ক) দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট মান-৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনের সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ (মার্চ ২০১৯ পর্যন্ত) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (১) বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন। | ৬০ | (১.১) পুঁজিবাজারে সিকিউরিটিজের চাহিদা ও যোগানের ভারসাম্য রক্ষায় সহায়তাকরণ | (১.১.১) বিনিয়োগের পরিমাণ (নিজস্ব পোর্টফোলিও) | কোটি টাকা | ২০ | ১৩৫.০০ | ৪২.০৭ | ৫৯.০০ | ৫৮.০০ | ৫৭.০০ | ৫৬.০০ | ৫২.০০ | ৬০ | ৬৫ |
| | | | (১.১.২) মিঃ ফাঃ এর পোর্টফোলিও তে বিনিয়োগের পরিমাণ) | | | ১৩০৩.৯৭ | ৬৪১.০৪ | ৮৬৫.০০ | ৮৬২.০০ | ৮৬০.০০ | ৮৫৪.৭২ | ৮৪০.০০ | ৮৭০.০০ | ৮৮০.০০ |
| | | (১.২) মিঃ ফান্ডসমূহের উন্নত ব্যবস্থাপনা | (১.২.১) অর্জিত ব্যবস্থাপনা ফি ও কমিশন | কোটি টাকা | ১০ | ৫৫.০৪ | ৩৮.০৪ | ৫৬.০০ | ৫২.০০ | ৫১.০০ | ৫০.০০ | ৪৫.০০ | ৫৫ | ৬০ |
| | | (১.৩) বিনিয়োগকারীর সংখ্যা বৃদ্ধি | (১.৩.১) বে-মেয়াদি মি: ফা: সার্টিফিকেট বিক্রির মাধ্যমে নতুন বিনিয়োগকারী সৃষ্টি | সংখ্যা | ১৫ | ১৯১৬ | ৪৬০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৬৭০ | ৭০০ |
| | | (১.৪) বিনিয়োগ ইন্সট্রুমেন্ট এর মাধ্যমে সঞ্চয় সংগ্রহ | (১.৪.১) মি: ফা: সার্টিফিকেট বিক্রির পরিমাণ (সিআইপিসহ) | কোটি টাকা | ১৫ | ১৪৭.৯৪ | ৯১.৭২ | ১৩০.০০ | ১২৮.০০ | ১২৫.০০ | ১২২.২৯ | ১০০.০০ | ১৩২.০০ | ১৩৫.০০ |
| (২) ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ | ১০ | (২.১) প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ | (২.১.১) সংরক্ষিত প্রভিশনের হার | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| (৩) অভ্যন্তরীণ প্রযুক্তি ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি। | ১০ | (৩.১) সমন্বিত MIS ব্যবস্থাপনা উন্নয়ন | (৩.১.১) ডিজাইন চূড়ান্তকরণ, চিহ্নিত ডিপার্টমেন্টসমূহের আন্ত:সমন্বিত মডিউল উন্নয়ন | তারিখ | ১০ | | | ১০.০৬.২০ | ১৫.০৬.২০ | ২০.০৬.২০ | ২৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | |

# মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০
## (মোট নম্বর- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই ২০১৯ | ২৯ জুলাই ২০১৯ | ৩০ জুলাই ২০১৯ | ৩১ জুলাই ২০১৯ | ০১ আগস্ট ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি ২০২০ | ১৬ জানুয়ারি ২০২০ | ১৭ জানুয়ারি ২০২০ | ২০ জানুয়ারি ২০২০ | ২১ জানুয়ারি ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১.০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ১৫ জানুয়ারি ২০২০ | ০৭ ফেব্রুয়ারি ২০২০ | ১৭ ফেব্রুয়ারি ২০২০ | ২৮ ফেব্রুয়ারি ২০২০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১.০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১.০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১.০ | ১১ মার্চ ২০২০ | ১৮ মার্চ ২০২০ | ২৫ মার্চ ২০২০ | ০১ এপ্রিল ২০২০ | ০৮ এপ্রিল ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন জারী করা | [২.৩.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন পত্র জারীকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১.০ | ১৬ আগস্ট ২০১৯ | ২০ আগস্ট ২০১৯ | ২৪ আগস্ট ২০১৯ | ২৮ আগস্ট ২০১৯ | ৩০ আগস্ট ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

* বিঃদ্রঃ কার্যক্রম নং ২.৩ কোম্পানির জন্য প্রযোজ্য নয়।

আমি, প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড আইসিবির ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

--------------------

প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্বে)
আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

তারিখ: ২৭/০৬/২০২১

--------------------

ব্যবস্থাপনা পরিচালক
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

তারিখ: ২৭/০৬/২০২১

## শব্দ সংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইসিবি | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| ২ | আইএএমসিএল | আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড |
| ৩ | এএএমসিএমএফ | এসোসিয়েসন অফ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিজ্ এন্ড মিউচ্যুয়াল ফান্ডস্ |
| ৪ | ডিএসই লিঃ | ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড |
| ৫ | পিআই | পারফরমেন্স ইন্ডিকেটর |
| ৬ | APA | Annual Performance Agreement |

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পুঁজিবাজারে সিকিউরিটিজের চাহিদা ও যোগানের ভারসাম্য রক্ষায় সহায়তাকরণ | বিনিয়োগের পরিমাণ (নিজস্ব পোর্টফোলিও) | পুঁজিবাজারে তারল্যবস্থার উন্নয়নের লক্ষ্যে কোম্পানির নিজস্ব এবং মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিও হতে ২০১৯-২০ অর্থবছরের মধ্যে ৫৯.০০ কোটি টাকা বিনিয়োগ। | সিকিউরিটিজ অ্যানালাইসিস ডিপার্টমেন্ট | কোটি টাকায় ও বার্ষিক প্রতিবেদন | -------------- |
| | মিঃ ফান্ডসমূহের উন্নত ব্যবস্থাপনা | অর্জিত ব্যবস্থাপনা ফি ও কমিশন | সক্রিয় সম্পদ ব্যবস্থাপক হিসেবে মিউচ্যুয়াল ফান্ডসমূহের উন্নত ব্যবস্থাপনা কার্যক্রম বজায় রাখা। | অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট | কোটি টাকায় ও বার্ষিক প্রতিবেদন | -------------- |
| ২ | বিনিয়োগকারীর সৃষ্টি | বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট বিক্রির মাধ্যমে নতুন বিনিয়োগকারী সৃষ্টি | কোম্পানির ব্যবস্থাধীনে পরিচালিত ওপেন এন্ড মিউচ্যুয়াল ফান্ডসমূহের বিক্রয় বৃদ্ধি ও নতুন গ্রাহক সৃষ্টির প্রক্রিয়া বেগবান করার উদ্দেশ্যে বুদ্ধিদীপ্ত বিজ্ঞাপন কার্যক্রম এবং ফান্ডসমূহের সুষ্ঠু পরিচালন অব্যাহত রাখা। | ওপেন এন্ড মিউচ্যুয়াল ফান্ড ডিপার্টমেন্ট | সংখ্যায় ও বার্ষিক প্রতিবেদন | -------------- |
| ৩ | বিনিয়োগ ইন্সট্রুমেন্ট এর মাধ্যমে সঞ্চয় সংগ্রহ | নতুন মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট বিক্রির পরিমাণ | | | কোটি টাকায় ও বার্ষিক প্রতিবেদন | -------------- |
| ৪ | প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ | সংরক্ষিত প্রভিশনের হার | কোম্পানির আর্থিক ঝুঁকি হ্রাসকল্পে বিভিন্ন খাতে প্রয়োজনীয় প্রভিশনের সমপরিমাণ অর্থাৎ ১০০% প্রভিশন সংরক্ষণের প্রচেষ্টা অব্যাহত রাখা। | অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট | শতকরা হিসেবে ও বার্ষিক প্রতিবেদন | -------------- |
| ৫ | সমন্বিত MIS ব্যবস্থাপনা উন্নয়ন | ডিজাইন চূড়ান্তকরণ, চিহ্নিত ডিপার্টমেন্টসমূহের আন্ত:সমন্বিত মডিউল উন্নয়ন*** | গ্রাহক সেবা সহজীকরণ এবং অভ্যন্তরীণ কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমন্বিত MIS ব্যবস্থা উন্নতকরণ। | কম্পিউটার ডিপার্টমেন্ট | তারিখ হিসেবে ও বার্ষিক প্রতিবেদন | -------------- |

*** ১। Group MIS Development Workingকর্তৃক MIS ডিজাইন চূড়ান্তকরণ;
২। MIS ডিজাইন অনুযায়ী Requirement Analysis;
৩। তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণে লক্ষ্যে Department সমূহ চিহ্নিতকরণ;
৪। চিহ্নিতকৃত Department সমূহের কার্যাবলীর Automation প্রক্রিয়া নির্ধারণ; এবং
৫। পর্যায়ক্রমে প্রতিটি Department সমূহ হতে Automated তথ্য প্রাপ্তির জন্য প্রয়োজনীয় Module তৈরীকরণ।

সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | | | | | |